




চট্টগ্রাম মঙ্গলবার ১২ ডিসেম্বর ২০২৩

দৈনিক পূর্বকোণ



মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত
রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৮তম বর্ষ ২৯১তম সংখ্যা।। ২৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ।। ২৭ জমাদিউল আউয়াল ১৪৪৫ হিজরি।। Tuesday 12 December 2023।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা
www.dainikpurbokone.net www.edainikpurbokone.net f/DailyPurbokone t/DailyPurbokone



প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের ওমেঙ্গ ব্যাডমিন্টন প্রতিযোগিতার লড়াই

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে ওমেঙ্গ ব্যাডমিন্টন টুর্নামেন্ট সম্পন্ন

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের বিএসসি (অনার্স) এবং মাস্টার্স প্রোগ্রামসমূহে অধ্যয়নরত ছাত্রীদের অংশগ্রহণে ব্যাডমিন্টন প্রতিযোগিতা সম্প্রতি সম্পন্ন হয়েছে। বিভিন্ন সেমিস্টারে অধ্যয়নরত ছাত্রীদের সমন্বয়ে আলফা, বিটা, গামা, ডেল্টা, এক্সাইলন, পাই, রো, সিগমা এবং টাউ নামের নয়টি দ্বৈত টিম প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। এতে প্রান্তিকা বড়ুয়া ও নিলা বড়ুয়ার সমন্বয়ে গঠিত পাই টিম চ্যাম্পিয়ন, আনিকা রহমান ও সানজিদা আক্তার দীপ্তির সমন্বয়ে গঠিত গামা টিম রানার-আপ এবং আকলিমা খাতুন ও পূজাশ্রী বিশ্বাসের আলফা টিম ৩য় হয়। প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত ক্লাবের সহযোগিতায় এই টুর্নামেন্টের সার্বিক সমন্বয় করেন বিভাগের সহকারী অধ্যাপক জান্নাতুল ফেরদাউস। উপস্থিত ছিলেন বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির ও অন্যান্য শিক্ষকবৃন্দ।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone Date: 12 December 2023, Page: 5, Col: 4

<https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2023-12-12>

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে ওমেস ব্যাডমিন্টন

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের বিএসসি (অনার্স) এবং মাস্টার্স প্রোগ্রামসমূহে অধ্যয়নরত ছাত্রীদের অংশগ্রহণে সমাপ্ত হল ব্যাডমিন্টন প্রতিযোগিতা-২০২৩। এই প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় ৭ ডিসেম্বর ২০২৩, বৃহস্পতিবার। বিভিন্ন সেমিস্টারে অধ্যয়নরত ছাত্রীদের সমন্বয়ে আলফা, বিটা, গামা, ডেল্টা, এক্সাইলন, পাই, রো, সিগমা এবং টাউ নামের নয়টি দ্বৈত টিম প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। গ্রুপ পর্ব, সেমিফাইনাল, তৃতীয় স্থান নির্ধারণী ও ফাইনাল এই চার ধাপে প্রতিযোগিতা সম্পন্ন হয়। গ্রুপ পর্বের খেলাসমূহ রাউন্ড-রবিন লীগ পদ্ধতিতে এবং অন্য খেলাসমূহ নকআউট পদ্ধতিতে অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় প্রান্তিকা বড়ুয়া ও নিলা বড়ুয়ার সমন্বয়ে গঠিত পাই টিম চ্যাম্পিয়ন, আনিকা রহমান ও সানজিদা আক্তার দীপ্তির সমন্বয়ে গঠিত গামা টিম রানার-আপ এবং আকলিমা খাতুন ও পূজাশ্রী বিশ্বাসের আলফা টিম ৩য় হয়। প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত ক্লাবের সহযোগিতায় এই টুর্নামেন্টের সার্বিক সমন্বয় করেন বিভাগের সহকারী অধ্যাপক জান্নাতুল ফেরদাউস। এই ক্রীড়াসমূহে উপস্থিত ছিলেন বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির ও অন্যান্য শিক্ষকবৃন্দ।



প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে ওমেস ব্যাডমিন্টন প্রতিযোগিতা